



প্রেমের অযাচিত ব্যবচ্ছেদ

শ্রেমের অযাচিত ব্যবচ্ছেদ

হামিম আবদুল্লাহ

প্রথম প্রকাশ
ফাল্গুন ১৪২৭ ফেব্রুয়ারি ২০২১

প্রকাশক

মোঃ আফজাল হোসেন

অনিন্দ্য প্রকাশ

৩৮/৪, পি. কে. রায় রোড, বাংলাবাজার, মান্নান মার্কেট (৩য় তলা), ঢাকা-
১১০০

ফোন : ৪৭১১৭৯৬৪, ০১৯৭১৬৬৪৯৭০, ০১৭১১৬৬৪৯৭০

বর্ণবিন্যাস

আদিত্য কম্পিউটার

১৪২, হাষিকেশ দাস রোড, সূত্রাপুর, ঢাকা-১১০০

মোবাইল : ০১৯৭১৬৬৪৯৭০

গ্রন্থস্বত্ব : লেখক

প্রচ্ছদ : সাজ্জা রহমান সন্ধ্যা

মুদ্রণ

অনিন্দ্য প্রিন্টিং প্রেস

৩০/১ক, হেমেন্দ্র দাস রোড, ঢাকা-১১০০

ফোন : ৯৫৯০৬১৬, ৯৫৭৩৭৬৯, ০১৭১১৬৬৪৯৭০

মূল্য : ১৫০.০০ টাকা

Premer Ajacito Babocched by Hamim Abdullah

Published by Md. Afzal Hossain

Anindya Prokash

38/4, P. K. Roy Road, Banglabazar

Mannan Market (2nd Floor), Dhaka-1100

Phone : 47117964, 01971664970, 01711664970

e-mail : anindya.prokash@yahoo.com

First Published : February 2021

Price : 150.00

US \$ 05

ISBN 978 984 95575 1 7

ঘরে বসে অনিন্দ্য প্রকাশ-এর বই কিনতে ভিজিট করুন

<http://rokomari.com/anindyaprokash> ফোনে অর্ডার করতে ১৬২৯৭

<https://othoba.com> ফোনে অর্ডার করতে ০৯৬১৩৮০০৮০০

<http://boibazar.com/anindyaprokash> ফোনে অর্ডার করতে ০৯৬১১২৬২০২০

<http://bdshopay.com/anindyaprokash> ফোনে অর্ডার করতে ০১৬২২৭৭৮৮৭৭

<http://porua.com.bd/anindyaprokash> ফোনে অর্ডার করতে ০১৮৫৭৭৭৭৪৮৪
<http://journeybybook.com/anindyaprokash> ফোনে অর্ডার করতে
০১৬৭৪৫৩৬৫৪৪

উৎসর্গ

হিম (আমার বোকা ছেলে) ।
জীবনে চালাক হওয়ার প্রয়োজন নেই বাপজান । সফল না হলেও চলবে ।
কিন্তু ভালো মানুষ হওয়া অনেক বেশি প্রয়োজন । আর পড়াশোনাটা প্রয়োজন
জানার জন্য ।
তাই ভালো মানুষ হও মানুষের জন্য এবং বই পড় জ্ঞান আহরনের জন্য...

সূচিপত্র

তিতির ৯	৩০	প্রেম কথা রাখে না
প্রেমের খতিয়ান ১০	৩১	প্রেম আবাবো প্রয়োজন
তোমাদের আসা-যাওয়া ১১	৩২	স্বপ্নভঙ্গ
অনিয়ম যখন আইন ১২	৩৩	সব ঠিক এর বিপরীতে একটি
জীবনের সাথে সন্ধি ১৩	ভুল	
অর্থহীন ১৪	৩৪	প্রেম-আপাতত দূরে থাকো
তালাক ১৫	৩৫	প্রয়োজনের স্বার্থে
রং তুলি ১৬	৩৬	শহরের ব্যাকরণ
প্রেমের ডিক্রি ১৭	৩৭	প্রেমের রান্না
সাধু সাধু ১৮	৩৮	ক্ষুদ্র স্বার্থের সংঘাত
সেদিন আমায় কবি ডাকতে পার ২০	৩৯	যাদের কথা কেউ লেখে না
অপ্রেম ২১	৪০	ধ্বংসের রাজপথে শালিড়্র
এপার-ওপার ২২	সে-গান	
নারকেল পাতার হাতঘড়ি ২৪	৪১	প্রেমের কাছে শেষ চিঠি
মন ছুঁয়ে দিলে ২৫	৪২	আমিত্ত
মেনে নিতে শেখা ২৬	৪৩	আমরা সকলেই ভ
ভেতরের জানালা ২৭	৪৪	এলোমেলো
নিয়মকানুন ২৮	৪৬	ঘূর্ণিপাক
	৪৭	প্রেমের হালচাল
	৪৮	প্রেম উড়ে গেছে

তিতির

এযাবতকাল কত কিই না হতে চেয়েছি
নানান স্বপ্নের পিছনে ছুটেছি ভোকাট্রা হয়ে
শতকবার প্রেমিক হয়ে
গোলাপ হাতে
দাঁড়িয়েছি মিথ্যে প্রেমের অপেক্ষায়
অলীক বাসনা আমায় কতবার
নিয়ে গিয়েছিল খাদের কিনারায়
স্থায়ী হওয়া হয়নি কোথাও
যাযাবর জীবনে ।।

নতুনের আগমনের সুসংবাদে যেদিন
ঘরে ফিরলাম
আমি বড় রিজু ছিলাম
শুষ্ক ছিলাম
তবুও একজোড়া ছোট্ট চোখ
যখন আমার দিকে তাকিয়েছিল
অপরিচিতের মত চিনবার চেঁচায়
কে যেন হঠাৎ টেলে দিয়েছিল একটা সমুদ্র
আমার আজন্মের তেঁচায় ।
একটা বড় শ্রোত এসে
ভাটার টানের চেয়ে
অত্যাধিকভাবে আমায় দুমড়ে মুচড়ে ডুবিয়ে
নিয়ে গিয়েছিল পৃথিবীর মধ্যবিন্দুর কাছাকাছি
যে বিন্দুতে সব লোপ পায়
দুঃসহ স্মৃতি, বলিষ্ঠ চিন্তাশক্তি, কামবাসনা
লোভ, যাপিত সংসার
এমনকি আমার সাধের কবিতা...
সব ভুলে গিয়ে আমি তার
নিষ্পাপ মুখে তাকিয়ে থাকি
ছোট্ট হাতের মুঠোয় আমার নখ বাড়িয়ে
ধরে রাখি
অপেক্ষায় থাকি কখন ছোট্ট চোখজোড়া মেলে
আমায় অপরিচিতের মত তাকাবে
আমি সব এবং সব কিছু পরিত্যাগ করে

ডুবে যাই নিরবে নিশ্চুপে
আমার ছোটু তিতিরের মায়ায় ।
নবজাতকের ঝাণ আমায় সব ভুলিয়ে নিয়ে যায় অসীমের ভুবনে ।।

প্রেমের খতিয়ান

প্রেম নামক যে জমিটা কেনা
হয়েছিল গতবার,
এ বছরে শত দেন দরবার
করেও
হয়নি খারিজ
ওর জন্য
যত কাগজপত্তর প্রয়োজন
বছর ঘুরেও সব পাওয়া যায়নি খুঁজে
শুনলাম জমিটা নিয়ে দুপক্ষের
মামলা মোকাদ্দমাও ছিল
মূল দলিল কে যেন আগেই
করেছে গায়েব
আর এস খতিয়ান, সিএস খতিয়ান
বায়া দলিল
সব না পাওয়ায়
প্রেম নামক জমিটায়
উঁচু ইমারত তোলা
স্বপ্ন ত্যাগ করে
শুধু কোনরকম দখল করে
একটা টিনচালা রেখেছি তুলে
প্রেম নামক জমিটা যে
কিনেছিলাম কি ভুলে!!